**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 11 May 2025** **TIME: 7:35 AM**

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গতকাল ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে শিলচরে কম্প্রেসড ন্যাচারেল গ্যাস , সি এন জি ষ্টেশনের উদ্বোধন করেন । এছাড়া মূখ্যমন্ত্রী হাজো , শোয়ালকুচি , রঙিয়া ও বাইহাটা চারিয়ালিতে পাইপযোগে গ্যাস সরবরাহ প্রকল্পের প্রাথমিক কাজের সূচনা করেন । গৌহাটী লোকসেবা ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে এই প্রকল্পগুলি ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে উদ্বোধন করে মুখ্যমন্ত্রী গৌহাটী মহানগরীতে পাইপের মাধ্যমে প্রাকৃতিক গ্যাস সরবরাহ প্রকল্পেরও আনুষ্ঠানিকভাবে সূচণা করেন । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী পূর্ব ভারতী গ্যাস প্রাইভেট লিমিটেড দ্বারা পাইপযোগে প্রাকৃতিক গ্যাস সরবরাহের এই পদক্ষেপকে এক উজ্জ্বল ভবিষ্যতের সূচণা বলে মন্তব্য করেন ।

---

মূখ্যমন্ত্রী আরো জানান যে কামরুপ গ্রামীন, কামরুপ মহানগর ,কাছাড় , হাইলাকান্দি ও শ্রীভূমি জেলায় সিটি গ্যাস বিতরণ নেটোয়ার্ক স্থাপনের উদ্দেশ্যে আসাম গ্যাস কোম্পানী লিমিটেড , অয়েল ইন্ডিয়া লিমিটেড ও গেইল গ্যাস লিমিটেডের যৌথ প্রতিষ্ঠান হিসেবে পূর্ব ভারতী গ্যাস প্রাইভেট লিমিটেড গঠন করা হয়েছিল । কেন্দ্রীয় সরকার একটি স্বচ্ছ প্রক্রিয়ার

মাধ্যমে আসামে সিটি গ্যাস বিতরণ নেটোয়ার্ক স্থাপনের কাজ আরম্ভ করেছে বলে উল্লেখ করে মূখ্যমন্ত্রী বলেন যে রাজ্যের অন্যান্য অঞ্চলেও একইভাবে পাইপের মাধ্যমে প্রাকৃতিক গ্যাস সরবরাহের উদ্দেশে কাজ অব্যাহত রয়েছে । মুখ্যমন্ত্রী জানান যে পূর্ব ভারতী  গ্যাস প্রাইভেট লিমিটেড সমগ্র প্রকল্পটিতে দুই হাজার ৬ শ  ১৬ কোটি ৯৫ লক্ষ টাকা ব্যয় করবে ।

---

সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ সকাল আটটা থেকে গ্রাম পঞ্চায়েত নির্বাচনের ভোটগণনা  হচ্ছে । কাছাড় জেলার  ভোট গননা শিলচর রামনগর আই এস বি টি এবং আই এস টি টি -তে অনুষ্ঠিত হচ্ছে । জেলা প্রশাসনের পক্ষ থেকে ভোট গণনা প্রক্রিয়া সুষ্ঠভাবে সম্পন্ন করতে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে । মোট ২১টি কক্ষে ভোট গণনা করা হবে । আই এস বি টি’তে আটটি কক্ষ, আই এস টি টি’তে তেরোটি কক্ষে গণনার কাজ করা হবে । প্রতিটি কক্ষে দশটি করে টেবিল থাকবে । আজ কাছাড় জেলার মোট চার হাজার ৪শ ৯৬জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্দ্ধারণ হবে ।

এদিকে ভোটগণনা প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে কাছাড়ের জেলা ম্যাজিষ্ট্রেট ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে শিলচর রামনগর আই এস বি টি এবং আই এস টি টি-র একশ মিটার ব্যাসার্ধের মধ্যে কোনো ধরনের যানবাহন পার্কিং করা যাবে না , পঞ্চায়েত নির্বাচনের ভোট গননা সংক্রান্ত পরিচয় পত্র ছাড়া কোনও ব্যাক্তিকে আই এস বি টি এবং আই এস টি টি প্রাঙ্গনে প্রবেশ করতে দেওয়া হবে না ।

---

পাশাপাশি হাতে কোনো ধারালো অস্ত্র , লাঠি বা বিজয় উৎসব পালনের জন্য কোন ধরনের সামগ্রী নিয়ে প্রবেশ করা যাবে না । গণনা কেন্দ্রের

একশ মিটার ব্যাসার্ধের মধ্যে কোনও অস্থায়ী খাবার , পানীয় জলের দোকান খোলা যাবে না । এই নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে । এছাড়া লক্ষ্মীপুর সম-জেলার প্রশাসনিক কার্যালয় প্রাঙ্গণে আজ মোট চারটি জেলা পরিষদের ভোট গণনা চারটি পৃথক কক্ষে অনুষ্ঠিত হবে ।

---

শ্রীভূমি জেলার করিমগঞ্জ কলেজের ৮টি গননা কক্ষে জেলার আটটি জেলা পরিষদ আসন সহ অন্যান্য পদের পঞ্চায়েত নির্বাচনের ভোট গননা আজ অনুষ্ঠিত হবে । প্রতিটি গননা কক্ষে ১০টি করে টেবিল থাকছে । প্রতিটি গননা কক্ষ সিসিটিভি-র তদারকিতে থাকবে এবং সব ধরনের গতি বিধি রেকর্ড করা হবে । এদিকে শ্রীভূমির পাথারকান্দি সম-জেলার ভোটগণনা আকাইদুম ইন্ডোর স্টেডিয়ামে করা হবে ।

অন্যদিকে রামকৃষ্ণ নগর সম-জেলার চারটি জেলা পরিষদ সহ অন্যান্য আসনের ভোট গণনা রামকৃষ্ণ নগর কলেজের চারটি কক্ষে অনুষ্ঠিত হবে । প্রতিটি কক্ষে দশটি করে টেবিল থাকছে ।

এদিকে হাইলাকান্দির এস এস কলেজের ৮টি কক্ষে আজ গ্রাম পঞ্চায়েত নির্বাচনের ভোট গননা করা হচ্ছে । জেলার আটটি জেলা পরিষদ, ৫৭টি আঞ্চলিক পঞ্চায়েত এবং ৫৫৮টি গ্রাম পঞ্চায়েত সদস্য পদের জন্য ভোট গণনা করা হবে । আটটি কক্ষে দশটি করে টেবিল থাকবে । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম গতকাল গণনা কক্ষ পরিদর্শন করে সবধরণের প্রয়োজনীয় সুযোগ সুবিধার খোঁজ নেন । গণনা কেন্দ্রে মোবাইল ফোন , কমপিউটার , ল্যাপটপ সহ কোন ধরনের ইলেকট্রনিক সামগ্রী নিয়ে প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে । সকাল ৮টা থেকে ভোট গননা শুরু হবে ।

---

কাছাড়ের অতিরিক্ত জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে পঞ্চায়েত নির্বাচনে দায়িত্ব পালন করা এবং রির্জাভ থেকে অব্যাহতি পাওয়া যেসব ভোট কর্মী পারিশ্রমিক গ্রহন করেন নি , তারা আগামী ১৫ই মে কাছারের ট্রেজারী অফিস থেকে তাদের পারিশ্রমিক সংগ্রহ করতে পারবেন । পারিশ্রমিক প্রাপ্তির জন্য ভোট কর্মীর নিযুক্তি পত্র এবং প্রশিক্ষন গ্রহনের নির্দেশের মূল কপি আনতে হবে ।

---

পাকিস্তানের পক্ষ থেকে সামাজিক মাধ্যমে প্রচার করা ভূয়ো তথ্যগুলি বিশ্বাস না করতে এবং নির্ভরযোগ্য তথ্যের জন্য প্রেস ইনফর্মেশন ব্যুরো’র তথ্য অনুসরণ করার আহ্বান জানানো হয়েছে । উল্লেখ্য- উভয় দেশের মধ্যে চলতে থাকা উত্তেজনাকর পরিস্থিতির মধ্যে পাকিস্তান কিছু এডিটেড ভিডিও, ফটো প্রচার করে জনসাধারণের মধ্যে ভুল তথ্য প্রচার করছে । এধরণের সন্দেহজনক তথ্য লাভ করলে প্রেস ইনফর্মেশন ব্যুরো’কে অবগত করারও আহ্বান জানানো হয়েছে । এরজন্যে ৮৭৯৯৭১১২৫৯ নম্বরে ওয়াট্স এ্যাপের মাধ্যমে এবং ড়ষদভতরলনধভত@সভথ.ফষৎ.ভশ এ ই-মেল করে অবগত করতে বলা হয়েছে ।

---

---